দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 21 1999

পৃষ্ঠা ... কলাম ...

শিক্ষা মন্ত্রণালয়ে সভা

# ভুয়া মাদ্রাসার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রতি অভিনন্দন

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (মঙ্গলবার) শিক্ষা মন্ত্রণালয়ে এক জরুরী সভায় মাদ্রাসা শিক্ষার বর্তমান অবস্থা সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়। সভায় উপস্থিত শিক্ষাবিদ এবং বিভিন্ন মাদ্রাসার অধ্যক্ষবৃন্দ ভুয়া মাদ্রাসার বিরুদ্ধে সরকারের গৃহীত পদক্ষেপকে অভিনন্দন জানাইয়া বলিয়াছেন, যাহারা জালিয়াতির মাধ্যমে মাদ্রাসা শিক্ষার বদনাম করিতেছে তাহাদের বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা নিন। পাশাপাশি ভাল মাদ্রাসাসমূহের ব্যাপারে অনুদানের হাত প্রসারিত করুন। সভায় ২৫১টি মাদ্রাসার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গ উল্লেখ করিয়া বলা হয়, এই তালিকায় কয়েকটি ভাল মাদ্রাসা রহিয়াছে। সরকারের উচিত এই ব্যাপারে নূতন করিয়া সিদ্ধান্ত গ্রহণ করা। সভায় আলোচনার প্রেক্ষিতে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক কতিপয় মাদ্রাসার ব্যাপারে নূতন করিয়া তদন্ত করার নির্দেশ দেন। বিকাল ৩টায় সভা শুরু হইয়া সন্ধ্যা সাড়ে ৬টায় শেষ হয়।